রুপো এল ঘরে

এশিয়ান ইয়ুথ অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপে হ্যামার থ্রোয়ে রুপো জিতলেন হর্ষিতা শেরাওয়াত।

চ্যাম্পিয়ন্স লিগ কোয়ার্টার ফাইনাল

আয়াখস বনাম **জুভেন্তাস**
প্রথম লেগ ঃ ১০ এপ্রিল
দ্বিতীয় লেগ ঃ ১৬ এপ্রিল

লিভারপুল বনাম **পোর্তো**
প্রথম লেগ ঃ ৯ এপ্রিল
দ্বিতীয় লেগ ঃ ১৭ এপ্রিল

টটেনহ্যাম বনাম **ম্যান সিটি**
প্রথম লেগ ঃ ৯ এপ্রিল
দ্বিতীয় লেগ ঃ ১৭ এপ্রিল



বার্সেলোনা বনাম **ম্যান ইউ**
প্রথম লেগ ঃ ১০ এপ্রিল
দ্বিতীয় লেগ ঃ ১৬ এপ্রিল

বন্দুকবাজের হামলার পর বাতিল ক্রাইস্টচার্চে শেষ টেস্ট

মিনিটের হেরফেরে প্রাণ বাঁচল তামিমদের

ক্রাইস্টচার্চ, ১৫ মার্চ ঃ পরিকল্পনা ছিল, মসজিদে প্রার্থনা সেরে অনুশীলনের পথ ধরা হবে। কিন্তু জঙ্গিহানার মুখে পড়ে নিজেদের প্রাণে বেঁচে ফেরার প্রার্থনা করতে করতে বাসের মেঝেতে শুয়ে পড়তে হয়েছিল তামিম ইকবাল, মুশফিকুর রহিমদের। কয়েকটা মিনিট আগে আল নূর মসজিদে পৌঁছে গেলে হয়তো প্রাণে বেঁচে ফিরত না প্রায় গোটা বাংলাদেশ ক্রিকেট দল।

নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চে এদিন স্থানীয় সময় দুপুর দেড়টায় সময় আল নূর মসজিদে জঙ্গি হামলা হয়। চূড়ান্ত দক্ষিণপন্থী মনোভাবাপন্ন জঙ্গির ছোড়া এলোপাতাড়ি গুলিতে প্রাণ হারিয়েছেন কমপক্ষে ৪৯ জন। আর যখন এই ধ্বংসলীলা চালাচ্ছে এই জঙ্গি, ঘটনাস্থল থেকে মাত্র ৫০ গজ দূরে ছিল বাংলাদেশের টিম বাস। আল নূর মসজিদ থেকে হাঁটাপথ দূরত্ব ক্রাইস্টচার্চের হ্যাগলে ওভাল স্টেডিয়ামের। তাই হোটেল থেকে টিমবাসে আল নূর মসজিদের পথ ধরেছিল বাংলাদেশি টিম বাস। প্রায় গোটা টিম ঘটনাস্থলে পৌঁছে দেখে একজন মহিলা হঠাৎই মাটিয়ে লুটিয়ে পড়ছেন। বাংলাদেশের ক্রিকেটাররা তাঁকে সাহায্য করতে দ্রুত বাস থেকে নামতে উদ্যত হতেই শুনতে পান টানা গুলি চালানোর আওয়াজ। অতর্কিত মুহূর্ত সামলে ওঠার আগেই ক্রিকেটাররা দেখেন

ঘটনাস্থল থেকে নিরাপদ জায়গার দিকে তামিম ইকবাল সহ বাংলাদেশের অন্য ক্রিকেটাররা।

গোটা চত্বর ঘিরে ফেলে ক্রাইস্টচার্চের স্থানীয় পুলিশ বাহিনী। বাংলাদেশের কোনো ক্রিকেটার আহত না হলেও গোটা ঘটনায় মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছেন। ভয়ংকর এহেন জঙ্গিহানায় কেঁপে গিয়েছে ছোটো দ্বীপরাষ্ট্র নিউজিল্যান্ডও। গোটা ঘটনার ঘণ্টাখানেক পরই বাংলাদেশ ও নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে যৌথ বিবৃতিতে ক্রাইস্টচার্চে তৃতীয় টেস্ট বাতিল করার সিদ্ধান্ত

ফিরল ২০০৯ সালের স্মৃতি

রক্তাক্ত অবস্থায় মসজিদ থেকে বেরিয়ে আসছেন একের পর এক মানুষ। জঙ্গি হামলার বিষয়টা বুঝতে পেরে দ্রুত ক্রিকেটারদের বাসের মেঝেতে শুয়ে পড়ার নির্দেশ দেওয়া হয়। প্রবল ভয়ের মুহূর্ত কাটার পর ক্রিকেটারদের বাস থেকে নামিয়ে দ্রুত পিছনের রাস্তা দিয়ে হ্যাগলে ওভাল স্টেডিয়ামে পৌঁছে দিয়ে ড্রেসিংরুম তালাবন্ধ করে দেয় স্থানীয় পুলিশ।

জানিয়ে দেওয়া হয়। ইতিমধ্যে সিরিজের গত দুটো টেস্টেই ইনিংস হারের মুখে পড়ে সিরিজ হারতে হয়েছিল বাংলাদেশকে।

ক্রিকেটীয় আলোচনা অবশ্য পিছনের সারিতে চলে গিয়েছে ভয়ংকর জঙ্গি হামলার ভয়াবহতায়। উসকে দিচ্ছে ২০০৯ সালের ৩ মার্চ লাহোরে গদ্দাফি স্টেডিয়ামে যাওয়ার পথে শ্রীলঙ্কার টিমবাসে জঙ্গি হামলার ঘটনার স্মৃতি। এদিনের ক্রাইস্টচার্চের ঘটনা প্রসঙ্গে বলতে গিয়ে এখনও ভয় না কাটাতে পারা তামিম ইকবাল বলছিলেন, 'ভয়ংকর বন্দুকবাজদের হাত থেকে আমাদের গোটা দল বেঁচেছে। ভয়ানক অভিজ্ঞতা। আমাদের জন্য প্রার্থনা করার অনুরোধ রইল সকলের কাছে।' আর এক বাংলাদেশি ক্রিকেটার মুশফিকুর রহিম বলেন, 'সর্বশক্তিমান ঈশ্বরের কৃপায় আজ আমরা বেঁচে ফিরলাম। এরকম ঘটনা বিশ্বের কোথাও যেন না ঘটে এই প্রার্থনা করি।' বাংলাদেশের দলের ম্যানেজার খালিদ মুসাদ বলেন, 'সত্যিই আমরা ভাগ্যবান। ঘটনার সময় মসজিদ থেকে ৫০ গজ দূরে ছিল আমাদের বাস। তিন-চার মিনিট আগে আমরা যদি মসজিদে পৌঁছে যেতাম তাহলে ভয়ানক পরিণতি হত আমাদেরও। গুলির আওয়াজ ও মসজিদ থেকে রক্তাক্ত লোকেদের বেরিয়ে ছোটাছুটি দেখে প্রায় মিনিট দশেক বাসের মেঝেতে শুয়েছিলাম আমরা, তারপর হ্যাগলে ওভালে নিয়ে যাওয়া হয় আমাদের।' বাংলাদেশ দলে পারফরম্যান্স অ্যানালিস্ট হিসেবে কাজ করেন শ্রীনিবাস চন্দ্রশেখরণ। ভারতীয় এই সফটওয়্যার ইঞ্জিনিয়ার ছিলেন বাংলাদেশের টিমবাসেই। শ্রীনিবাস বলেছেন, 'মসজিদ থেকে কিছুটা দূরে ছিলাম আমরা। প্রথমে একজন মহিলাকে মসজিদের বাইরে লুটিয়ে পড়তে দেখে সবাই বাস থেকে নামার তোড়জোড় করার সময় গুলির আওয়াজ শুনতে পাই। রক্তাক্ত অবস্থায় সকলকে মসজিদ থেকে ছুটে বেরিয়ে আসতে দেখে সবাই খুব ভয় পেয়েছিলাম। আমাদের বাসের মেঝেতে শুয়ে পড়তে বলা হয় বড়োসড়ো কিছু একটা হয়েছে বুঝতে পেরে। কারণ, বাংলাদেশ দলের টিমবাস হিসেবে চিহ্নিত হয়ে গেলে আমাদের উপর হামলার ভয় ছিল। গোটা ঘটনার ভয়াবহ অভিজ্ঞতা যেন কাটাতে পারছি না। দ্রুত সবাই বাংলাদেশে ফিরতে চাইছে। আমিও দেশে ফেরার টিকিটের অপেক্ষায়।'

বিরাট কোহলি
বেদনাদায়ক ঘটনা। ক্রাইস্টচার্চে কাপুরুষোচিত জঙ্গি হামলার জেরে বিপন্নদের পরিবারের প্রতি হৃদয় থেকে সমবেদনা। বাংলাদেশের ক্রিকেটারদের জন্য চিন্তিত। তাঁরা সুরক্ষিত থাকুন প্রার্থনা করি।

হর্ষ ভোগলে
নিউজিল্যান্ডের মাটিতে যখন এভাবে বন্দুকবাজের হামলা হয়, তখন সত্যিই বোঝা যায় গোটা পৃথিবী কতটা খারাপ জায়গায়। বাংলাদেশ দল নিরাপদ রয়েছে শুনে স্বস্তি পেলাম।

ভিভিএস লক্ষ্মণ
ক্রাইস্টচার্চের ঘটনা দারুণভাবে নাড়া দিয়েছে। হামলার কবলে পড়েছেন যাঁরা, তাঁদের পরিবারের প্রতি সমবেদনা।

রবিচন্দ্রন অশ্বীন
পৃথিবীজুড়ে মানবতা আজ বিপন্ন। মানুষই যার সবথেকে বড়ো শত্রু।

কুমার সাঙ্গাকারা
ক্রাইস্টচার্চের ঘটনায় ব্যথিত। যাঁরা কাছের লোকেদের হারিয়েছেন, তাঁদের জন্য সমবেদনা। আশা রাখি আহতরা দ্রুত সুস্থ হয়ে উঠবেন।

অ্যাঞ্জেলো ম্যাথিউজ
নিউজিল্যান্ডে গণহত্যার খবরে ব্যথিত। সমবেদনা বিপন্ন পরিবারদের জন্য। বাংলাদেশের ক্রিকেটাররা সুরক্ষিত, শুনে স্বস্তি পেলাম।

নয় মাস পর জাতীয় দলে নাম রোনাল্ডোর

লিসবন, ১৫ মার্চ ঃ ২০১৮ রাশিয়া বিশ্বকাপের নয় মাস পর ফের জাতীয় দলে ফিরলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। মাঝে নতুন ক্লাব জুভেন্তাসে মানিয়ে নিতে কিছুদিনের জন্য পোর্তুগালের হয়ে খেলা থেকে সরিয়ে নিয়েছিলেন সিআরসেভেন। বিশ্বকাপের প্রি-কোয়ার্টার ফাইনালে উরুগুয়ের কাছে ১-২ গোলে হারের পর থেকে মাঝে ছয় ম্যাচে খেলেননি তিনি। যদিও ২০২০ ইউরোর যোগ্যতা অর্জন পর্বের গুরুত্বপূর্ণ জোড়া ম্যাচের আগে পোর্তুগাল স্কোয়াডে ফিরলেন তাদের ইউরোজয়ী দলের অধিনায়ক। বিশ্বকাপের পর লম্বা সময় বাইরে থাকার পর দিনকয়েক আগে আর্জেন্টিনা দলে ফিরেছেন লিওনেল মেসি। লিসবনের এস্তাদিও দা লুজে ২২ মার্চ ইউক্রেনের বিরুদ্ধে ইউরোর যোগ্যতা অর্জন পর্বের গ্রুপ বি-র ম্যাচে খেলবেন রোনাল্ডো। তিনদিন পর সার্বিয়ার বিরুদ্ধে ম্যাচ পোর্তুগালের। জাতীয় দলের জার্সিতে ১৫৪ ম্যাচে ৮৫ গোল করা রোনাল্ডো সম্প্রতি চ্যাম্পিয়ন্স লিগের মঞ্চে হ্যাটট্রিকের সুবাদে জুভেন্তাসকে প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে তুলেছেন। শুক্রবার দুই ম্যাচের দল ঘোষণার পর রোনাল্ডোর প্রত্যাবর্তন নিয়ে পোর্তুগালের কোচ ফার্নান্দো স্যান্টোস বলেছেন, 'বিশ্বের সেরা ফুটবলারের নাম ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। এবার ও জাতীয় দলে ফিরছে। রোনাল্ডো থাকলে যেকোনো দলই আরও শক্তিশালী হয়।'

ভারতে ফের ফুটবল বিশ্বকাপ

নয়াদিল্লি, ১৫ মার্চ ঃ ২০১৭ সালের পর আবার ফুটবল বিশ্বকাপ ভারতে। অনূর্ধ্ব-১৭ ছেলেদের পর এবার একই বয়স বিভাগে মেয়েদের বিশ্বকাপ আয়োজনের দায়িত্ব পেল ভারত। ২০২০ সালে অনুষ্ঠেয় বিশ্বকাপের জন্য ভারতকে বেছে নেওয়া হয়েছে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের টুইটার হ্যান্ডলে একথা জানানো হয়েছে।

অলিম্পিকের জন্যই নীরজকে তৈরি করছেন হর্ন

মুম্বই, ১৫ মার্চ ঃ টোকিও অলিম্পিকের জন্য নীরজ চোপড়াকে তৈরি করছেন তাঁর কোচ উই হর্ন। গত ১২ জানুয়ারি থেকে দক্ষিণ আফ্রিকায় প্রস্তুতি সারছেন ভারতীয় এই জ্যাভলিন থ্রোয়ার। এর জন্য শুক্রবার থেকে শুরু হওয়া পাতিয়ালায় ফেডারেশন কাপেও নামেননি তিনি। নীরজের কোচ বলেন, '৯৪ মিটার থ্রো করতে পারলে তবেই টোকিওতে পদক আসবে। আমরা সেই লক্ষ্যেই তৈরি হচ্ছি। তবে এই বছর আমাদের প্রাথমিক লক্ষ্য ৯২ মিটার থ্রো করে বিশ্ব চ্যাম্পিয়নশিপে প্রথম ছয় নম্বরে শেষ করা।' আগামী ১৯ এপ্রিল থেকে দোহাতে বসছে বিশ্ব চ্যাম্পিয়নশিপের আসর। ২০১৬ সালে জুনিয়ার বিশ্ব চ্যাম্পিয়নশিপে সোনা জেতার পরই প্রথমবার প্রচারের আলোয় আসেন নীরজ। এরপর কমনওয়েলথ গেমস এবং এশিয়াডে সোনা জিতেছেন হরিয়ানার এই অ্যাথলিট। গোল্ড কোস্টে কমনওয়েলথ গেমসে ৮৬.৪৭ মিটার থ্রো করেছিলেন নীরজ। টোকিও অলিম্পিকে পদক প্রকল্পেও রয়েছেন তিনি। সাফল্যের জন্য ক্রীড়া মন্ত্রকের পক্ষ থেকে দক্ষিণ আফ্রিকায় ট্রেনিং করতে পাঠানো হয়েছে তাঁকে। এই মুহূর্তে আইএএএফ-এর ক্রমতালিকায় চার নম্বরে রয়েছেন ২১ বছরের নীরজ। সম্প্রতি তিনি বলেন, '২০১৮ সালের থেকে ২০১৯ সাল অনেকবেশি গুরুত্বপূর্ণ অলিম্পিকের প্রস্তুতির জন্য।' গত বছর কনুইয়ে চোটের কবলে পড়েছিলেন নীরজ। তাই চোট কাটিয়ে নতুন টেকনিকেও জোর দিচ্ছেন তরুণ এই ক্রীড়াবিদ। তাঁর কোচ বলেন, 'চোটের জন্য নীরজের প্রস্তুতি কিছুটা হলেও ধাক্কা খেয়েছে। সেটা কাটিয়ে ওঠার চেষ্টা চলছে।'

রিয়াল-ঘাতক আয়াখসের সামনে রোনাল্ডোরা

মেসির বার্সার সামনে সোলসায়ারের ম্যান ইউ

নিয়োন (সুইজারল্যান্ড), ১৫ মার্চ ঃ কাতালান জায়ান্ট বনাম রেড ডেভিলস।

চ্যাম্পিয়ন্স লিগ কোয়ার্টার ফাইনালের মূল আকর্ষণ এখন এটাই। শুক্রবার উয়েফার দপ্তরে ঘোষণা করা হয় চলতি চ্যাম্পিয়ন্স লিগের শেষ আট এবং সেমিফাইনালের ক্রীড়াসূচি। কোয়ার্টার ফাইনালে লিওনেল মেসির বার্সেলোনার বিরুদ্ধে খেলতে দেখা যাবে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে। ১৯৯৯-তে যে ন্যু ক্যাম্পে ওলে গানার সোলসায়ারের শেষ মুহূর্তের নাটকীয় গোলে বেয়ার্ন মিউনিখকে পরাস্ত করে চ্যাম্পিয়ন্স লিগ ঘরে তুলেছিল ফার্গুসনের ম্যান ইউ। এবার সেই মাঠেই চ্যাম্পিয়ন্স লিগের শেষ আটের ভাগ্যপরীক্ষা রেড ডেভিলস কোচ সোলসায়ারের। এবারের লড়াইটা আরও কঠিন। কারণ, প্রতিপক্ষ শিবিরে রয়েছেন চলতি চ্যাম্পিয়ন্স লিগে সর্বাধিক গোলদাতা লিওনেল মেসি। অন্যদিকে, রিয়াল মাদ্রিদকে চ্যাম্পিয়ন্স লিগ থেকে ছুটি করে দেওয়া আয়াখসের বিরুদ্ধে শেষ আটের যুদ্ধে নামবে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর জুভেন্তাস। এদিকে, এফসি পোর্তোর বিরুদ্ধে খেলতে নামছে গতবারের রানার আপ লিভারপুল। গতবার এই পোর্তোকেই দুই লেগ মিলিয়ে ৫ গোলে হারিয়েছিলেন সালাহরা। চেনা প্রতিপক্ষ হলেও পোর্তোকে এবার হালকাভাবে নিতে নারাজ লিভারপুল কোচ জুর্গেন ক্লপ। অপর কোয়ার্টারে টটেনহ্যামের বিরুদ্ধে খেলতে দেখা যাবে পেপ গুয়ার্দিওলার ম্যাঞ্চেস্টার সিটিকে। তবে কোয়ার্টার এবং সেমিফাইনাল ছাপিয়ে ইতিমধ্যেই ফুটবলপ্রেমীরা স্বপ্ন দেখতে শুরু করেছেন ফাইনালে রোনাল্ডো-মেসির দ্বৈরথের। আর দুই ধাপ টপকাতে পারলেই ১ জুন মাদ্রিদে মুখোমুখি যুদ্ধে নামবেন দুই তারকা। ২০০৮-০৯ মরশুমে শেষবার কাপযুদ্ধে পরস্পরের মুখোমুখি হয়েছিলেন মেসি-রোনাল্ডো। সেবার অবশ্য শেষ হাসি হেসেছিলেন আর্জেন্টাইন তারকাই। ফের একবার সেই লড়াই দেখতে মুখিয়ে ফুটবল বিশ্ব।

শুক্রবার চ্যাম্পিয়ন্স লিগের ক্রীড়াসূচি প্রকাশ অনুষ্ঠানে হাজির ছিলেন ব্রাজিলের প্রাক্তন গোলরক্ষক তথা ইন্টার মিলানের হয়ে চ্যাম্পিয়ন্স লিগ জেতা জুলিয়াস সিজার। এদিন অনুষ্ঠানে কোয়ার্টার সহ সেমিফাইনালের দিন ঘোষণাও করা হয়। ৯ এবং ১০ এপ্রিল কোয়ার্টার ফাইনালের প্রথম লেগ আয়োজিত হবে। ফিরতি লেগের ম্যাচ ১৬ এবং ১৭ এপ্রিল। ৩০ এপ্রিল এবং ১ মে প্রথম লেগের সেমিফাইনাল। ফিরতি লেগ ৭ এবং ৮ মে। প্রথম সেমিফাইনালে টটেনহ্যাম বনাম ম্যান সিটির মধ্যে জয়ী দলের বিরুদ্ধে খেলবে আয়াখস ও জুভেন্তাস ম্যাচে জয়ী দল। অপর সেমিফাইনালে ম্যান ইউ এবং বার্সার মধ্যে জয়ী দলের মুখোমুখি হবে লিভারপুল বনাম পোর্তোর মধ্যে জয়ী দল। সেমিফাইনালে জয়ী দুই দল ১ জুন মাদ্রিদে মুখোমুখি হবে ফাইনালে। যেখানে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো বনাম লিওনেল মেসির মহাকাব্যিক যুদ্ধ দেখতে চায় গোটা দুনিয়া।

নয়াদিল্লিতে রাজস্থান রয়্যালসের ব্র্যান্ড অ্যাম্বাসাডর শেন ওয়ার্ন।

দল বাছতে হিমসিম ল্যাঙ্গার

রয়্যালসের হয়ে ক্ষুধার্ত স্মিথকে দেখতে চান ওয়ার্ন

সিডনি, ১৫ মার্চ ঃ দরজায় কড়া নাড়ছে আইপিএল। সেই মঞ্চে ফিরতে চলেছেন অস্ট্রেলিয়ার নির্বাসিত দুই ক্রিকেটার স্টিভেন স্মিথ এবং ডেভিড ওয়ার্নার। সারা ক্রিকেট বিশ্বের নজর এখন এই দুই তারকার দিকেই। শুধু ভক্তরাই নয়, স্মিথের থেকে ভালো পারফরম্যান্স দেখার আশায় দিন গুনছেন অসি কিংবদন্তি শেন ওয়ার্নও।

এবারের আইপিএলে ক্ষুধার্ত স্মিথকে দেখা যাবে বলেই মনে করছেন ওয়ার্ন। তিনি বলেন, 'এই বছর আইপিএলের মঞ্চে নিজেকে প্রমাণ করতে মরিয়া থাকবে স্মিথ। দীর্ঘদিন আন্তর্জাতিক ক্রিকেটের বাইরে থাকার জন্য রানের খিদে তৈরি হয়েছে। সেই তাগিদটাই ওঁকে ভালো খেলতে সাহায্য করবে।' চলতি আইপিএলে রাজস্থান রয়্যালসের ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে দেখা যাবে লেগস্পিন কিংবদন্তিকে। এর আগে প্রথম আইপিএলে এই রাজস্থান রয়্যালসকে চ্যাম্পিয়ন করেছিলেন তিনি। তারপর কোচ, মেন্টর হিসেবে দেখা গিয়েছে তাঁকে। ওয়ার্ন জানান, আইপিএলকে ঘিরে ক্রিকেটভক্তদের উন্মাদনাই এই টুর্নামেন্টের মূল সম্পদ। আসন্ন আইপিএলে রাজস্থান রয়্যালসের হয়ে খেলতে দেখা যাবে আর এক অসি তরুণ অ্যাস্টন টার্নারকে। সদ্যসমাপ্ত একদিনের সিরিজে দুরন্ত পারফরম্যান্স করে নজর কেড়েছেন ২৬ বছরের এই ডানহাতি ব্যাটসম্যান। রাজস্থান রয়্যালসের হয়েও টার্নারের কাছে ম্যাচ জেতানো ইনিংস দেখতে চান ওয়ার্ন। তিনি বলেন, 'টার্নারের কথা আমাকে প্রথম বলেছিল আমার বন্ধু মাসকারেনহাস (ইংল্যান্ডের প্রাক্তন ক্রিকেটার দিমিত্রি মাসকারেনহাস)। বিগ ব্যাশে ওর খেলা দেখার পর টার্নারকে দলে নেওয়ার কথা রয়্যালস কর্তৃপক্ষকে জানাই। ভারতের বিরুদ্ধে ও নিজেকে দুরন্তভাবে মেলে ধরেছে। আশা করব, একই ফর্মে ওকে রাজস্থান রয়্যালসের হয়েও দেখতে পাব।'

টার্নার, উসমান খোয়াজারা দুরন্ত খেলে দেওয়ায় বিশ্বকাপের দলে শন মার্শের মতো অভিজ্ঞ তারকার সুযোগ পাওয়া কঠিন বলেই মনে করছেন ৭০৮ টেস্ট উইকেটের মালিক। তবে ওয়ার্ন যতই মার্শকে হিসেবের বাইরে রাখুন, এখনই তাঁকে ছেঁটে ফেলতে নারাজ অস্ট্রেলিয়ার কোচ জাস্টিন ল্যাঙ্গার। তিনি বলেন, 'শন (মার্শ) এই দলের সবথেকে ধারাবাহিক পারফর্মার। হামস্ট্রিংয়ের চোট হয়তো ওর খেলায় প্রভাব ফেলেছে। বিশ্বকাপের ভাবনা থেকে যে ও ছিটকে গিয়েছে, এমনটা ভাবার কোনো কারণ নেই।' তবে ব্যাটিং বিভাগ নয়, ল্যাঙ্গারকে বেশি চিন্তায় রেখেছে দলের বোলিং। চোট সমস্যা কাটিয়ে এখনও সুস্থ নন মিচেল স্টার্ক, জোস হ্যাজেলউড। অন্যদিকে, ঝাই রিচার্ডসন, প্যাট কামিন্সরা নিজেদের যোগ্যতা প্রমাণ করেছেন ভারতের মাটিতে। ফলে বিশ্বকাপের দল নিয়ে ভাবতে বসে হিমসিম অবস্থা অসি কোচের।

ইউরোপায় বড়ো জয় চেলসির

আর্সেনালকে কোয়ার্টারে তুললেন ব্ল্যাক প্যান্থার অবামেয়াং

লন্ডন, ১৫ মার্চ ঃ ইউরোপা লিগে পিয়ের-এমরিক অবামেয়াংয়ের ব্ল্যাক প্যান্থার ম্যাজিকের সাক্ষী থাকলেন গানার্স ভক্তরা। গ্যাবন স্ট্রাইকারের জোড়া গোলে ভর করে ফরাসি ক্লাব স্তাঁদ রেনেসকে ৩-০ গোলে হারাল আর্সেনাল। ফলে দুই পর্ব মিলিয়ে ৪-৩ গোলের ব্যবধানে অগ্রগমন বজায় রেখে শেষ আটের টিকিট নিশ্চিত করে ফেলল উনাই এমেরির দল। আর্সেনালের জয়ের রাতে বড়ো ব্যবধানে জয় পেল লন্ডনের অপর ক্লাব চেলসি। অ্যাওয়ে ম্যাচে ডায়নামো কিয়েভকে ব্লুজ ব্রিগেড উড়িয়ে দিল ৫-০ গোলে। ম্যাচে হ্যাটট্রিক করেন অলিভার জিরুড। দুই লেগ মিলিয়ে মৌরিসিও সারির দল জিতল ৮-০ ব্যবধানে।

তবে সলসবার্গের কাছে ৩-১ গোলে হারলেও প্রথম লেগে ঘরের মাঠে ৩-০ গোলে জেতার সুবাদে কোয়ার্টার ফাইনালে

কোয়ার্টার ফাইনাল
নাপোলি বনাম **আর্সেনাল**
ভিলারিয়াল বনাম **ভ্যালেন্সিয়া**
বেনফিকা বনাম **ফ্র্যাঙ্কফুর্ট**
স্লাভিয়া প্রাহা বনাম **চেলসি**
প্রথম লেগের ম্যাচ ১১ এপ্রিল
দ্বিতীয় লেগের ম্যাচ ১৮ এপ্রিল

চলে গেল কার্লো অ্যান্সেলোত্তির নাপোলি। শেষ আটে তারা খেলবে আর্সেনালের বিরুদ্ধে। অপরদিকে, কোয়ার্টার ফাইনালে চেলসি মুখোমুখি হবে সেভিয়াকে ছিটকে দেওয়া স্লাভিয়া প্রাহার বিরুদ্ধে। বৃহস্পতিবার সেভিয়াকে ৪-৩ গোলে হারিয়ে শেষ আটে জায়গা করে নেয় চেক প্রজাতন্ত্রের ক্লাবটি। দুই লেগ মিলিয়ে তারা জিতল ৬-৫ ব্যবধানে। এদিকে, সানসিরোতে ফ্র্যাঙ্কফুর্টের কাছে ০-১ গোলে হেরে ইউরোপার আসর থেকে বিদায় নিল ইন্টার মিলান।

গত সপ্তাহে রেনেসের কাছে ৩-১ গোলে হারের ফলে বৃহস্পতিবারের ফিরতি লেগের ম্যাচ আর্সেনালের কাছে ছিল কার্যত ডু অর ডাই। সেই মরণবাঁচন ম্যাচে জ্বলে উঠলেন অবামেয়াং। প্রথমার্ধের ৫ মিনিট এবং দ্বিতীয়ার্ধের ৭২ মিনিটে গোল এল তাঁর পা থেকে। গানার্সদের হয়ে অপর গোলটি করেন আন্সলে মেটল্যান্ড। তবে আর্সেনালের জয় ছাপিয়ে চর্চায় অবামেয়াংয়ের ব্ল্যাক প্যান্থার মুখোশ পরে গোল উদ্‌যাপন। নিজের দ্বিতীয় গোলের পর সাইডলাইনের ধারে সতীর্থদের নিয়ে এই বিশেষ মুখোশে উচ্ছ্বাস করতে দেখা যায় গ্যাবন স্ট্রাইকারকে।

ম্যাচের পর আর্সেনাল কোচ এমেরি বলেন, 'আমরা ইউরোপাকে চ্যাম্পিয়ন্স লিগের ছাড়পত্র হিসেবে দেখছি না। ইউরোপা চ্যাম্পিয়ন হওয়াটাই এখন আমাদের প্রধান লক্ষ্য।' অন্যদিকে, ডায়নামো কিয়েভের বিরুদ্ধে চেলসি জার্সিতে প্রথম হ্যাটট্রিক পেলেন জিরুড (৫, ৩৩ ও ৫৯ মিনিট)। অপর গোল দুটি করেন মার্কোস আলোন্সো এবং ক্যালাম হাডসন-ওডোই।